

## শ্রীশ্রীহরি সঙ্গীত

তোরা দেখসে আসি, জগৎবাসী, হরিচাঁদ উদয় হলো ॥

২। নবরসে শ্রীঅঙ্গে মাখা, অধরে সুধাকর ও তার দু'নয়ন বাঁকা,  
সে যে ব্রজনাটুর প্রাণ সখা, ভাবেতে বোঝা গেল ॥

৩। শান্তিমায়ের হৃদয়েরই ধন, যোগে পায় না যোগীগণ  
তঁারা করে যোগ সাধন,  
তারে পাবার লাগি সর্বব্যাগী হীরামন পাগল হলো ॥

৪। কি দিব তার রূপের তুলনা, গগনের চাঁদ মলিন হয়  
হেরে রূপের জ্যোৎস্না  
এবার পুরাতে জীবের বাসনা হরিচাঁদ ভবে এল ॥

৫। ডেকে বলে তারক রসনা, আমার মনের মানুষ হরিচাঁদে তার  
কর উপাসনা;

দয়াল মহানন্দের এই বাসনা, অশ্বিনী ধামে চলো ॥

### ৪৫ নং তাল-একতালা

মনের মানুষ ধরা, মন রে ফেরা, মুখের কথা নয়।

তঁারে ধরবি যদি নিরবধি (নে) বধিরাক্ষ বোবাশ্রয় ॥

১। বধিরন্ধে বোবার স্বভাব ধর, তবে অধর ধরা পড়বে ধরা  
তঁারে ধরার মত ধর,

থাক যুতের ঘরে রূপ নিহারে, তবে মানুষ পাওয়া যায় ॥

২। আমিহু দূর যখন হবে, (তবে) হবে সে ভাব বাহ্য স্বভাব  
কিছু না রবে,

এই দশা তোর যখন হবে, দেখবি জগৎ মানুষ ময় ॥

৩। মনের মানুষ যদি ধরতে চাও, আত্মস্বার্থ ত্যজে  
প্রেমের ম'জে অনুগত হও,

হ'লে অনুগত মনের মত, মন মানুষ হবে সদয় ॥

\* প্রত্যহ শ্রীশ্রীহরিলীলামৃত গ্রন্থ পাঠ করুন।